


আমার আয়নায় আমি সুন্দর

'আয়না দেখে আঁকবো সিঁথি

থাকবো আমরা পরিপাটি।'



প্রজেক্টের লক্ষ্য:

শিক্ষার্থীদের মধ্যে নান্দনিকতাবোধের উন্মেষ ও নিজের কাজ নিজে করার প্রবণতা সৃষ্টি।

উদ্দেশ্য:

১. শিশুরা নিজেদেরকে পরিপাটি থাকতে শিখবে।
২. শিশুরা নিজেদেরকে আয়নায় দেখে আত্মবিশ্বাসী হবে।
৩. চুল আঁচড়ানো, নখ কেটে স্বাস্থ্যবিধি মেনে চলতে শিখবে।
৪. সর্বোপরি শিশুদের মধ্যে নান্দনিকতা বোধের উন্মেষ ঘটবে।

প্রসেস ম্যাপ:

বিদ্যালয়ের প্রতিটি শ্রেণিকক্ষে স্থাপন করা হয়েছে ১ টি করে আয়না ও তাতে রাখা হয়েছে ০৫টি করে চিরুনি ও ১টি নেইলকাটার।

স্ব স্ব শ্রেণি শিক্ষকগণ ও শ্রেণি দলনেতা শিক্ষার্থী সংশ্লিষ্ট শ্রেণির আয়নার দায়িত্বে থাকবেন।

প্রভাব:

শিশুদের সুন্দর পরিপাটি দেখায়। বিদ্যালয়ের প্রতি শিশুর আকর্ষণ বেড়েছে। উপস্থিতি ও শ্রেণি পাঠে মনোযোগী হয়েছে।